

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ১০/০৭/২০২৩ ইং।

সময় : ১২.০০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম :

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বর্তমানে অত্র কমিটির কার্যক্রম খুব সুন্দর ভাবে চলছে। উপজেলার সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয় করে বিভিন্ন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে। অনুষ্ঠান গুলোতে দর্শক সমাগম ভাল হচ্ছে। উক্ত আয়োজনে সহযোগীতা করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের সকলকে তিনি ধ্যবাদ জানান।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১০/০৭/২৩

(মিতালী দত্ত)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

শ্রীমঙ্গল, মৌলভীবাজার